জেলা পরিষদ
গাইবান্ধা

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- জেপ/গাই/২০২৪-২৫/০১

১৭ আষাঢ় ১৪৩১
তারিখ ঃ ------------------
০১ জুলাই ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের (জেলা পরিষদ শাখা) এর ২১ মে ২০২৪ খ্রিঃ তারিখের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪২.১১.০০২.১৭-৬১৬, মোতাবেক গাইবান্ধা জেলা পরিষদ কার্যালয়ের সাংগঠনিক কাঠামোভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে "২০১৫ সালের জাতীয় বেতন স্কেল" এবং "জেলা পরিষদ চাকুরী বিধিমালা-১৯৯০" এর নিয়োগ বিধি মোতাবেক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
০১	হিসাব রক্ষক	১(এক)টি	স্কেল ১১০০০-২৬৫৯০ গ্রেড নং-১৩	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণীতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা
০২	উচ্চমান সহকারী	১(এক)টি	স্কেল ১০২০০-২৪৬৮০ গ্রেড নং- ১৪	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনার্স/স্নাতক অথবা সমমানের ডিগ্রী এবং কম্পিউটার ব্যবহারের দক্ষতা থাকতে হবে।
০৩	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১(এক)টি	স্কেল ৯৩০০-২২৪৯০ গ্রেড নং- ১৬	যে কোন শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজি প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে
০৪	ফটোকপি মেশিন/ডুপ্লিকেটিং মেশিন অপারেটর-কাম দপ্তরি	১(এক)টি	স্কেল ৮৮০০-২১৩১০ গ্রেড নং- ১৮	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ফটোকপি মেশিন অপারেটিং কাজের অভিজ্ঞতা থাকতে হবে
০৫	অফিস সহায়ক (এমএলএসএস)	১(এক)টি	স্কেল ৮২৫০-২০০১০ গ্রেড নং- ২০	অষ্টম শ্রেণি পাস/সমমান পরীক্ষায় উত্তীর্ণ

:শর্তাবলী:

১। আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

২। আবেদনকারীকে সরকার কর্তৃক চাকুরির আবেদনে স্ব হস্তে লিখিত আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরমেট জেলা পরিষদ, গাইবান্ধা ওয়েবসাইট (www.zpgaibandha.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) বা (www.forms.gov.bd) এ পাওয়া যাবে।

৩। আবেদনকারীর বয়সসীমা ৩০/০৬/২০২৪ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা, পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনপত্রে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ থাকতে হবে:-
(ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ৩০/০৬/২০২৪ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) মোবাইল নম্বর (ট) কোটা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে)।

৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য হলে মুক্তিযোদ্ধা হিসাবে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত ও স্বীকৃত সনদের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
মুক্তিযোদ্ধা কোটায় আবেনদকারীকে;
(ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র-কন্যা হলে তাদের পিতা/মাতার সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে চাকুরীর আবেদনপত্রের সাথে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে, এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

চলমান পাতা/২

(গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) চাকুরীতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে এবং উক্ত পুলিশ ভেরিফিকেশন ফরমে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র- কন্যার পুত্র-কন্যা সম্পর্কিত একটি ঘর/কলাম সংযোজন করতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্টের তথ্যে ও সার্টিফিকেটের তথ্যে অমিল পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিষয়ে তদন্ত করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৬। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে (সমাজ সেবা কার্যালয় কর্তৃক ইস্যুকৃত) সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৭। আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা বরাবরে আগামী ০২/০৮/২০২৪ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, জেলার নাম ও বিশেষ কোটা (যদি থাকে) লিখতে হবে এবং বামপার্শ্বে প্রেরকের/আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা এবং ডানপার্শ্বে প্রাপক, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৯। সরকারি তফসিলীভুক্ত যে কোন ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, গাইবান্ধা এর অনুকূলে নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ হতে ০৩ পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা ও ক্রমিক নং- ০৪ হতে ০৫ পর্যন্ত ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (অফেরৎযোগ্য)। পোষ্টাল অর্ডার গ্রহনযোগ্য নয়।

১০। আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে।

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

(ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে আবেদনকারীর নাম ও ঠিকানা সম্বলিত ১০×৪.৫ সাইজের একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।

১১। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র;

খ) বাংলাদেশের যে জেলার স্থানীয় বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঙ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র;

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা গেজেটের সত্যায়িত কপি;

ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং;

জ) নির্দিষ্ট কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সনদ/প্রমাণপত্র।

১২। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত আবেদন বাতিল বলে গন্য হবে এবং আবেদনপত্র যাচাই বাছাই, গ্রহণ/বাতিলের ক্ষেত্রে কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কোটা সম্পর্কিত নির্দেশনাবলী অনুসরণ করা হবে।

১৪। কোন তথ্য গোপন করলে বা অসত্য/মিথ্যা তথ্য প্রদান করলে প্রার্থীর আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান সমূহের কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৬। আবেদনপত্র সমূহ বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার সময়সূচী প্রার্থীদের ডাকযোগে যথাসময়ে জানানো হবে।

১৭। প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য যাতায়াত বাবদ কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। কর্তৃপক্ষ যে কোন সময় সরকারি বিধিবিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে।

১৯। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সময় সকল সনদের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

২০। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম শর্ত।

২১। চাকুরীর শর্তাবলী, বেতন ভাতা/সুযোগ সুবিধার ক্ষেত্রে "জেলা পরিষদ আইন-২০০০" "স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকরি বিধিমালা-১৯৯০" এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।

২২। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়া যে কোন সময় আংশিক বা সম্পূর্ণ স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

০১/৭/২৪

(মোহাঃ আব্দুর রউফ তালুকদার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাইবান্ধা।
ফোনঃ ০৫৪১-৫১৫৯৭(অ)।

স্মারক নং- জেপ/গাই/২০২৪-২৫/০১(১০০) — তারিখ ঃ ০১/০৭/২০২৪ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। পুলিশ সুপার, গাইবান্ধা।
০৬। চেয়ারম্যান, জেলা পরিষদ, গাইবান্ধা।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ.....................................(সকল)।
০৮। সিভিল সার্জন, গাইবান্ধা।
০৯। উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ..., গাইবান্ধা।
১১। সম্পাদক, ...।

০১/৭/২৪

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাইবান্ধা।